# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
জেনারেল ক্রেডিট বিভাগ
www.krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৩/২০২৪ তারিখঃ ১৯/০২/২০২৪

**পরিপত্র**

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধনকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বন্ধকি ঋণ প্রদানের ক্ষেত্রে বন্ধক গ্রহণকরতঃ বন্ধকি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে প্রেরণ করা হয়। রেজিস্ট্রেশন আইনের ১৭(২) এর ১০ ধারা এবং ৮৯(৩) ধারা অনুযায়ী অত্র ব্যাংককে ১৯৭৩ সালের বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশের অধীন কৃষি সম্পর্কীয় ঋণের বিপরীতে জামানতি সম্পত্তির বন্ধক গ্রহণের ক্ষেত্রে বন্ধকি দলিল সম্পাদনপূর্বক এর অনুলিপি সাব-রেজিস্ট্রি অফিস প্রেরণের বিধান রয়েছে।

০২। রেজিস্ট্রেশন আইন, ১৯০৮ এর ১৭(২) এর ১০ ধারা এবং ৮৯(৩) ধারা অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংক যে সুবিধা পেয়ে আসছে তা ভোগ/অব্যাহত রেখে ১৯৭৩ সালের বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশের ধারা ১৫ এর আওতা বহির্ভুত ক্ষেত্র অর্থাৎ অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করার জন্য বিগত ১৫/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮৫১তম সভায় অনুমোদন প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংক এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল বাধ্যতামূলক সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত

১৯/০২/২০২৪

(মোহাঃ খালেদুজ্জামান)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ ০২৪৭৭১১৫৩৪৪

বিতরণঃ

০১। সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০২। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৪। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ।
০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধনকরণ প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা জেঃক্রেঃবিঃ/১(৪৪)/২০২৩-২০২৪/ ১৪৭৮(১২৫০) তারিখঃ ১৯/০২/২০২৪ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বিকেবি ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। নথি / মহানথি।

১৯/০২/২০২৪

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
dgmlad1@krishibank.org.bd
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১